কাকে ভোট দিয়ে ভুক্তভোগী হলাম বলা সেই নারীকে থানায় নিল পুলিশ



ছবি: সংগৃহীত

ময়মনসিংহের ভালুকায় নিজের ব্যবসাপ্রতিষ্ঠানে বারবার চুরির ঘটনায় ক্ষোভ প্রকাশ করে ফেসবুক লাইভে ভোট দেওয়া নিয়ে অনুশোচনা ও বিএনপির সমালোচনা করা নারী উদ্যোক্তা সাথী আক্তারকে থানায় নিয়েছে পুলিশ। লাইভকে কেন্দ্র করে তাঁর ব্যবসাপ্রতিষ্ঠানে উত্তেজনা ছড়িয়ে পড়লে রোববার রাতে তাঁকে উদ্ধার করে থানায় নেওয়া হয়।

রাত ৮টার দিকে উপজেলার স্কয়ার মাস্টারবাড়ী এলাকার ‘সাথী বিউটি পার্লার’ থেকে তাঁকে নিয়ে যায় পুলিশ। প্রতিষ্ঠানটির মালিক সাথী আক্তার।

স্থানীয় সূত্র জানায়, রোববার দুপুরে ‘সাথী মেকওভার’ নামের ফেসবুক আইডি থেকে লাইভে এসে সাথী অভিযোগ করেন, তাঁর দুটি শোরুম, বাসা ও আশপাশের কয়েকটি দোকান থেকে এসির তার, বিদ্যুতের লাইনসহ মূল্যবান মালামাল চুরি হয়েছে। এতে তিনি আর্থিক ক্ষতির মুখে পড়েছেন।

লাইভে তিনি বলেন, “সব হারিয়ে আজ পাগল হওয়ার মতো অবস্থা। কাকে ভোট দিয়ে আজ এই ভুক্তভোগী হলাম!” এ সময় আইনশৃঙ্খলা পরিস্থিতি ও ব্যবসাপ্রতিষ্ঠানের নিরাপত্তা নিয়ে হতাশা প্রকাশ করে বিএনপির সমালোচনা করেন তিনি।

লাইভটি ছড়িয়ে পড়ার পর রাতে স্থানীয় বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা তাঁর পার্লারে যান। এ সময় উত্তেজনা তৈরি হলে অপ্রীতিকর ঘটনার আশঙ্কায় পুলিশকে খবর দেন স্থানীয়রা। পরে ভালুকা মডেল থানা পুলিশ গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে এবং সাথী আক্তারকে থানায় নিয়ে যায়।

ভালুকা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) জাহিদুল ইসলাম জানান, পার্লারে হামলার আশঙ্কার খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে যায়। পুলিশের সঙ্গে ওই নারীর মারমুখী আচরণ হয়েছিল উল্লেখ করে ওসি বলেন, তিনি থানায় আটক রয়েছেন এবং তাঁকে আদালতে পাঠানোর প্রস্তুতি চলছে।